'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 1st Semester Examination, 2024

## DSC1/2-P1-BENGALI

### বাংলা সাহিত্য ও বাংলা ভাষার ইতিহাস

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　৩×৪ = ১২

(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'বেতাল পঞ্চবিংশতি', 'সীতার বনবাস', 'ভ্রান্তিবিলাস' — গ্রন্থগুলি কোন কোন গ্রন্থ অনুসরণে রচিত ?

(খ) বাংলা গীতিকবিতার ক্ষেত্রে 'ভোরের পাখি' বলে কাকে অভিহিত করা হয় ? তাঁর দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(গ) 'একেই কি বলে সভ্যতা' — কী ধরনের রচনা ? এটি কার লেখা ? তাঁর অপর দুটি নাটকের নাম লেখো।

(ঘ) 'রাজসিংহ', 'গোরা', 'আরণ্যক' — উপন্যাসগুলির লেখকদের নাম লেখো।

(ঙ) প্রাচীন বাংলা ভাষার কালসীমা উল্লেখ করে তার সাহিত্যিক নিদর্শন লেখো।

(চ) বিপ্রকর্ষ কাকে বলে ? উদাহরণসহ লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　৬×৪ = ২৪

(ক) দ্বিজেন্দ্রলাল রায়ের ঐতিহাসিক নাটকগুলির পরিচয় দাও।

(খ) বিদ্যাসাগরের অনুবাদমূলক রচনাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) বাংলা মহাকাব্য রচনায় মধুসূদন দত্তের কৃতিত্ব বিচার করো।

(ঘ) শরৎচন্দ্রের 'সমাজ সমস্যামূলক' উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) টীকা লেখোঃ অপিনিহিতি, লোকনিরুক্তি।

(চ) বাংলা ভাষার অন্তর্গত যে-কোনো একটি উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　১২×২ = ২৪

(ক) ফোর্ট উইলিয়াম কলেজ কে, কবে, কী উদ্দেশ্যে প্রতিষ্ঠা করেন ? বাংলা গদ্যের বিকাশে এই কলেজের অবদান আলোচনা করো।

(খ) পৌরাণিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের কৃতিত্বের পরিচয় দাও।

(গ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো।

(ঘ) বাংলা শব্দ ভাণ্ডারের প্রধান প্রধান উপাদানগুলি উদাহরণসহ আলোচনা করো।

——×——



Maynaguri College Library